


উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এছাড়াও মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি'র ২৬/০৮/২০১৯ খ্রি. তারিখে প্রেরিত পত্রে উল্লেখিত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশ করা শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের স্নাতক/স্নাতক(সম্মান) ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির সুযোগদানের বিষয়ে আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্তসমূহ :


১। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি পরীক্ষায় বাংলাদেশ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে ২০১৮ এবং ২০১৯ সালে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশ করা শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ে A ইউনিটে ভর্তির বিষয়ে নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষার সুযোগ দেওয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়:

- প্রার্থীর এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ এ স্থলে কমপক্ষে ৪.৫০ থাকতে হবে।
- ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ৪.০০ এর স্থলে কমপক্ষে ৩.৬০ থাকতে হবে।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রফেসর খান গোলাম কুদ্দুস)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
খুলনা বিশ্ববিদ্যালয়



(প্রফেসর ড. মোহাম্মদ ফারুক উজ্জামান)  
উপাচার্য মহোদয়  
খুলনা বিশ্ববিদ্যালয়  
খুলনা